



শিলিগুড়ি পৌরনিগম



-ঃ জরুরী বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা শিলিগুড়ি পৌরনিগম এলাকার সকল নাগরিকদের অবহিত করা হচ্ছে যে, শিলিগুড়ি জল প্রকল্পের বর্তমান জল সরবরাহ ব্যবস্থার সঙ্গে ফুলবাড়িতে নবনির্মিত বিকল্প জল উত্তোলন কেন্দ্রের সংযুক্তিকরণের জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের (PHE) সহায়তায় আগামী ২২ ও ২৩শে নভেম্বর ২০২৪ তারিখ পাইপ ওয়েল্ডিং-এর কাজ সম্পন্ন করা হবে। এই কারণে এই দুই দিন শহরের স্বাভাবিক জল পরিষেবা বিঘ্নিত হতে পারে।

শিলিগুড়ি পৌরনিগম এই জলসংকট মেটানোর জন্য ভ্রাম্যমান জলের ট্যাঙ্কসহ অন্যান্য ব্যবস্থায় সর্বতোভাবে সচেষ্ট থাকবে।

এই সাময়িক অসুবিধার জন্য আমরা দুঃখিত এবং সকলের সহযোগিতা একান্ত কামনা করছি।

তারিখ : ২৫/১১/২০২৪

Sd/-
কমিশনার
শিলিগুড়ি পৌরনিগম